

ঢাকা ভাসিটি

ডাইস চ্যান্সেলরসহ বিভিন্ন মহলের বিবৃতি

ঢাকা ভাসিটি হলে ছাত্র সংঘর্ষে গভীর উদ্বেগ

।। স্টাফ রিপোর্ট ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ছাত্রাবাসে গত কয়েকদিন ধরে ছাত্র সংঘর্ষের ঘটনার বিশ্ববিদ্যালয়ের ডাইস-চ্যান্সেলর ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতিসহ বিভিন্ন রাজনৈতিক ও ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। তারা ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সূষ্ঠা পরিবেশ বজায় রাখার জন্যে দলমত গোষ্ঠী নির্বিশেষে সকল ছাত্র-ছাত্রীর প্রতি আহ্বান জানান।

ডাইস চ্যান্সেলর

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ডাইস চ্যান্সেলর প্রফেসর এ কে এম সিন্দিক বিশ্ববিদ্যালয়ে সূষ্ঠা পরিবেশ বজায় রাখার জন্যে ছাত্র ছাত্রীদের প্রতি আহ্বান জানিয়ে গতকাল এক বিবৃতিতে বলেন: 'গত কয়েকদিন ধরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চত্বরে সংঘটিত ঘটনাবলীতে আমরা উদ্বেগিত। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ছাত্রাবাসে এ পর্যন্ত মরাত্মক সংঘর্ষে বেশ কয়েকজন ছাত্র গুরুতর আহত হয়েছে। এদের করো করো অবস্থা রীতিমত সংকটজনক।'

তিনি বলেন যে এই পরিস্থিতিতে কে কোন মূল্যে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ অটুট রাখতে সকলকে সিকয়ে সহযোগিতা দান করতে হবে। রমজানের ছুটি পুরে বিভিন্ন অনুষদে অনাটনিতব্য পরীক্ষাসমূহ যাতে নির্ধারিত সময়ে গৃহীত হতে পারে, সেজন্যে কোনকন্মেই

আবাসিক হলসমূহে নিরাপত্তার পরিবেশ বিঘ্নিত হতে দেয়া যাবে না।

ডাইস চ্যান্সেলর বলেন, 'বিশ্ববিদ্যালয় প্রশাসন সধারণ ছাত্র-ছাত্রীদের সার্বিক নিরাপত্তা রক্ষার জন্যে সকল ব্যবস্থা গৃহণে দৃঢ় প্রতিজ্ঞ। তবে ছাত্র সমাজের ব্যাপক (শেষ পঃ ৫-এর কঃ দ্রঃ)

(১-এর পঃ পর)
সহযোগিতা ছাড়া আমাদের কোন উদ্যোগই সফল হবে না।

বর্তমান মুহূর্তে দলমত গোষ্ঠী নির্বিশেষে সকল ছাত্র-ছাত্রীকে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার জন্যে তিনি বিশেষ ভাবে অনুরোধ জানান।

ভাসিটি শিক্ষক সমিতি

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ডঃ মোঃ মনিরুজ্জামান মিয়া ও সম্পাদক ডঃ এ কে আজাদ চৌধুরী বিশ্ববিদ্যালয়ে সূষ্ঠা পরিবেশ বজায় রাখার স্বার্থে সব রকম হানাহানি এবং প্ররোচনামূলক কর্মসূচী থেকে বিরত থাকতে সংশ্লিষ্ট সকল মহলের প্রতি আহ্বান জানিয়েছেন।

গতকাল তারা এক যুক্ত বিবৃতিতে বলেন: 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ছাত্রাবাসে সংঘর্ষের সংবাদে আমরা গভীরভাবে উদ্বেগিত। এই ধরনের ঘটনার ফলাফল সবসময়ই খারাপ হয়ে থাকে।'

বিবৃতিতে তারা শিক্ষকসহ সূষ্ঠা পরিবেশ বজায় রাখার স্বার্থে সব রকম হানাহানি ও প্ররোচনা থেকে

বিরত থাকতে ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানিয়েছেন। একই সঙ্গে তারা বিশ্ববিদ্যালয় কতৃপক্ষকেও ছাত্রছাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করার ব্যবস্থা গৃহণের আহ্বান জানিয়ে বলেন: 'আমরা বিশ্ববিদ্যালয় কতৃপক্ষকে অবিলম্বে ক্যাম্পাসে বাহরাগতদের প্রবেশ এবং অস্ত্রের আমদানী বন্ধ করার ব্যবস্থা করে ছাত্রছাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করতে অনুরোধ করছি।'

নতুন বাংলা ছাত্রসমাজ

নতুন বাংলা ছাত্রসমাজের কেন্দ্রীয় কমিটির আহ্বায়ক জনাব রফিকুল হক হাফিজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক রহমান হল এবং এসএম হলে ছাত্র সংঘর্ষের ঘটনার তীব্র নিন্দা করেছেন।

গতকাল তিনি এক বিবৃতিতে এই ধরনের সংগ্রাসমূলক ঘটনা বন্ধ করার আহ্বান জানান।

প্রতিবাদ সমাবেশ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রাবাসসমূহে 'সশস্ত্র সংঘর্ষ' এবং 'সংগ্রাসের' প্রতিবাদে চৌদ্দটি ছাত্র সংগঠন আজ সকাল ১০টায় মধুর ক্যান্টিনে এক প্রতিবাদ সমাবেশের আয়োজন করেছে।

গতকাল এক বিবৃতিতে এই সব ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ ছাত্র, শিক্ষক, বুদ্ধিজীবী অভিব্যক্তিসহ সকল স্তরের মানুষকে এই ধরনের ঘটনা বন্ধে এগিয়ে আসার আহ্বান জানান।

যুব সংহতি

নতুন বাংলা যুব সংহতির আহ্বায়ক জনাব এ টি এম রফিকুল ইসলাম এবং যুগ্ম আহ্বায়ক মিয়া শহীদ হোসাইন ও জনাব আনি-সুজ্জামান খোকন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ছাত্র সংঘর্ষের তীব্র নিন্দা করেছেন। তারা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও গবেষণার সূষ্ঠা পরিবেশ ফিরিয়ে আনার স্বার্থে এক্যবন্ধভাবে এগিয়ে আসার জন্যে ছাত্র সমাজের প্রতি আহ্বান জানান।

এক বিবৃতিতে তারা শিক্ষকসহ শিক্ষার পরিবেশ নিশ্চিত করার জন্যে ছাত্র নেতা, রাজনৈতিক নেতা এবং শিক্ষক ও অভিভাবক মহলকে অগণনী ভূমিকা পালনের অনুরোধ জানান। কোন অপ্রীতিকর ঘটনা সৃষ্টি না করে শান্তিপূর্ণভাবে নিজ নিজ কর্মসূচী বস্তবায়নের জন্যে তারা সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানান।

এছাড়া বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল (সান্তর), বাংলাদেশ ছাত্রলীগ (প্রধান), ছাত্র লীগ (আজিজ-সিরাজ), জাতীয় ছাত্র সন্থা, ইসলামী ছাত্র দল, গণতান্ত্রিক ছাত্র লীগসহ বেশ কয়েকটি ছাত্র সংগঠনের পক্ষ থেকেও উক্ত ঘটনার নিন্দা এবং শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার আহ্বান জানান হয়েছে।

বাংলাদেশ ওয়াকাল পার্টি এবং বাংলাদেশের বিপ্লবী কম্যুনিষ্ট লীগের পক্ষ থেকে ঘটনার নিন্দা করা হয় এবং বিশ্ববিদ্যালয়ের সূষ্ঠা পরিবেশ বজায় রাখার জন্যে ছাত্র সমাজের প্রতি আহ্বান জানান হয়।